Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-418
বিষয়: যৌন অপরাধী সম্পর্কে অবহিতকরণ
শ্রেণীবিভাগ: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 5 অগাস্ট, 2008

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 11 এপ্রিল, 2006 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-418-কে স্থলাভিষিক্ত করে।

পরিবর্তনসমূহ:

- ডিপার্টমেন্ট অভ এডুকেশনের বর্তমান কাঠামোর প্রতিফলনের উদ্দেশ্যে প্রবিধানকে হালনাগাদ করে।
- নমুনা চিঠির ইংরেজি ও অন্যান্য ভাষায় অনুদিত সংস্করণ ডাউনলোডের জন্য ওয়েবসাইটের ব্যবস্থা করে।
- অফিসের নাম ও যোগাযোগের তথ্য আপডেট করা হয়েছে।

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-418
বিষয়: যৌন অপরাধী সম্পর্কে অবহিতকরণ
শ্রেণীবিভাগ: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 5 অগাস্ট, 2008


**সারসংক্ষেপ**

এই প্রবিধান 11 এপ্রিল, 2016 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-418-কে হালনাগাদ করে এবং স্থলাভিষিক্ত হয়। এটি স্কুলে ও পিতামাতাদের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের 'সেক্স অফেন্ডার রেজিস্ট্রেশন অ্যাক্ট' অনুযায়ী দোষী সাব্যস্ত যৌন অপরাধী সম্পর্কিত তথ্য অবহিতকরণ প্রক্রিয়া সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করে।


## I. নিরাপত্তা সচেতনতা স্মারক

A. অপরিচিতদের সাথে ভাববিনিময়ে নিরাপত্তা সম্পর্কে শিক্ষার্থী ও পিতামাতাদের সতর্কতা অবলম্বের কথা স্মরণ করে দিতে শিক্ষানির্দেশনা স্টাফসহ সকল প্রিন্সিপ্যালদেরকে নিম্নলিখিত পদক্ষেপ নিতে হবে, তবে তা এর মধ্যে সীমাবদ্ধ নয়:

- শিক্ষার্থীদের কখনোই অপরিচিত মানুষের সাথে বাড়িতে যাওয়া উচিত নয়।
- শিক্ষার্থীদের কখনোই অপরিচিত মানুষের সাথে কথা বলা উচিত নয়।
- শিক্ষার্থীদের অপরিচিত মানুষের কাছে থেকে কিছু গ্রহণ করা উচিত নয়।
- অচেনা কোনো লোক যদি শিক্ষার্থীর সাথে কথা বলতে চায় এবং স্কুলের কাছাকাছি ঘোরাঘুরি করে, তাহলে তাদেরকে স্কুলে ফিরে আসতে এবং তাৎক্ষণিকভাবে বিষয়টি কোনো স্টাফ সদস্যকে জানাতে উৎসাহিত করা উচিত।
- অল্পবয়সী শিক্ষার্থীদের কারো সাথে স্কুলে যাওয়া আসা করতে হবে।
- অপেক্ষাকৃত বেশি বয়সের ছেলেমেয়েদের যখন সম্ভব দলবেঁধে হেঁটে/বাসে চলাফেরা করতে উৎসাহ দেয়া উচিত।

B. স্কুল বছরের শুরুতে প্রিন্সিপ্যালকে বাধ্যতামূলকভাবে সকল পিতামাতাদেরকে রেজিস্টার্ড যৌন অপরাধীদের সম্পর্কে তথ্য লাভের যেসব মাধ্যম রয়েছে, নিম্নলিখিতগুলোসহ সেসব মাধ্যম সম্পর্কে জানাতে হবে:

1. নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অভ ক্রিমিন্যাল জাস্টিস সার্ভিস, যাদের সাথে ফোনে 1800-262-3257 নম্বরে এবং ইন্টারনেটে http://www.criminaljustice.ny.gov/SomsSUBDirectory/search_index.jsp.

   -এর মাধ্যমে যোগাযোগ করা যেতে পারে। ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর ওয়েবসাইটে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations গিয়ে অফিস অভ স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এর হোম পেজ-এর মাধ্যমেও নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ ক্রিমিন্যাল জাস্টিস সার্ভিসের ওয়েবসাইটে যাওয়া যাবে।

2. তৃতীয় স্তরের (লেভেল থ্রি) যৌন অপরাধীদের উপ-তালিকা সংরক্ষণ করা হয় - NYPD, One Police Plaza, Room 110 C, New York, NY 10038 -এ।
3. স্কুল, স্কুলের একটি সুনির্ধারিত স্থানে ও প্যারেন্ট কোঅর্ডিনেটরের অফিসে একটি ফাইল সংরক্ষণ করে।
4. পিতামাতাদের জন্য একটি তথ্য জ্ঞাপনমূলক নমুনা চিঠি, সংযুক্ত করা হয়েছে (সংযুক্তি নং 1)। এই নমুনা চিঠি, একই সাথে এই চিঠির অনুদিত সংস্করণ পাওয়া যেতে পারে, উল্লিখিত ওয়েবপেজে: https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations

## II. পটভূমি

A. নিউ ইয়র্ক সেক্স অফেন্ডার রেজিস্ট্রেশন অ্যাক্ট অনুযায়ী দোষী সাব্যস্ত যৌন অপরাধীদের বাধ্যতামূলকভাবে অপরাধ সংঘটনের পরবর্তী দশ বা অধিক বছরের জন্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অভ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসে রেজিস্টার করতে হবে। স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা স্কুলের মতো "সহজে লক্ষ্যবস্তু হওয়ার আশঙ্কাগ্রস্থদের" প্রতিষ্ঠানগুলোর আশেপাশে পুনরায় অপরাধ সংঘটনের মতো ঝুঁকিবহুল অপরাধীর বসবাসের জন্য আগমণের কথা জানাবার দায়িত্বপ্রাপ্ত। যারা এই তথ্য পাবে, এই অ্যাক্ট তাদেরকেও তথ্য অন্যদের কাছে বিতরণের অধিকার দেয়।

B. নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট-এর কাছ থেকে তথ্য লাভ

   নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অভ ক্রিমিন্যাল জাস্টিস সার্ভিসেস-এ বাধ্যতামূলকভাবে রেজিস্টার করতে হয় যেসব পুনরায় অপরাধ সংঘটনের গড়পড়তা অথবা উচ্চ ঝুঁকিবহুল হিসেবে তালিকাভুক্ত যৌন অপরাধীদের, নিউ ইয়র্ক সিটির প্রতিটি পেট্রোল বরো-এর NYPD বরো কম্যান্ডার বা তার স্থলাভিষিক্ত ব্যক্তি তাদের সম্পর্কিত তথ্য স্কুল ডিস্ট্রিক্টগুলোকে প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত।

   যে বরোতে যৌন অপরাধী বাস করে, সেই বরোর অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এর বরো সেফটি ডিরেক্টর, D75 সিটিওয়াইড প্রোগ্রামস্, D79 অল্টারনেটিভ অ্যাকাডেমিস্ অ্যান্ড প্রোগ্রামস্, এবং ফিল্ড সাপোর্ট সেন্টার ডেপুটি ডিরেক্টর ফর স্টুডেন্ট সার্ভিসেস-এর কাছে বরো কম্যান্ডার/স্থলাভিষিক্ত ব্যক্তি বিজ্ঞপ্তি পাঠাবেন।

C. NYPD বিজ্ঞপ্তির বিষয়বস্তু

D. NYPD-এর বিজ্ঞপ্তিতে ("নোটিফেকেশন") অন্যান্য বিষয়বস্তুর মধ্যে যেসব তথ্য অন্তর্ভুক্ত হতে পারে, তা নিচে দেওয়া হলো: অপরাধী যেখানে স্থানান্তরিত হয়েছে, তার জিপ কোড,[1] রেজিস্টার্ড যৌন অপরাধীর নাম, সে যৌন অপরাধী যে অপরাধ করেছে, তার বর্ণনা, এবং তার প্যারোলের শর্ত হিসেবে অন্য বিশেষ কোন বিধিনিষেধ আরোপ করা হয়ে থাকলে সেটা, রেজিস্টার্ড যৌন অপরাধীর একটি ফটোগ্রাফ যা ফটোকপি মেশিনে কপি করা যায়।

ডিপার্টমেন্টকে NYPD এই মর্মে নির্দেশনা দেয় যে, তাদের দেওয়া বিজ্ঞপ্তির মাধ্যমে তারা যৌন অপরাধী সম্পর্কে স্কুল কর্মকর্তাদের কাছে যেসব তথ্য দেয়, সেসব তথ্যের বাইরে তারা কোন তথ্য প্রদান করে না।

NYPD যেসব তথ্য ডিপার্টমেন্টকে দেয়, সেই তথ্যগুলো সবার জন্য উন্মুক্ত।

## III. বিজ্ঞপ্তি পাওয়ার পর নিরাপত্তা প্রশাসককে যেসব পদক্ষেপ গ্রহণ করতে হবে

A. অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এর বরো সেফটি ডিরেক্টর একটি দাপ্তরিক ফাইল তৈরি করতে হবে যেখানে তিনি NYPD বরো কম্যান্ডার/স্থলাভিষিক্ত ব্যক্তির কাছ থেকে পাওয়া সকল বিজ্ঞপ্তি সংরক্ষণ করবেন।

B. অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এর বরো সেফটি ডিরেক্টর বিজ্ঞপ্তিটির একটি করে কপি D75 সিটি ওয়াইড প্রোগ্রামস্, D79 অল্টারনেট অ্যাকাডেমিজ অ্যান্ড প্রোগ্রামস্, এবং ডিস্ট্রিক্ট-এর অভ্যন্তরে যৌন অপরাধী বাস করে যে জিপ কোডে, সেটা যে ফিল্ড সাপোর্ট সেন্টারের অধীনে, সেটার স্টুডেন্ট সার্ভিসেস-এর ডেপুটি ডিরেক্টর, এবং বর্ধিত অংশ-সহ সবগুলো স্কুলে পাঠাবেন।

C. অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এর বরো সেফটি ডিরেক্টর ডিস্ট্রিক্টগুলোতে সহায়তাপ্রদানকারী ফিল্ড সাপোর্ট সেন্টারের ডিরেক্টরদেরকে এই মর্মে নির্দেশনা দেবেন যে, নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অভ ক্রিমিন্যাল জাস্টিস-এর যৌন অপরাধী রেজিস্ট্রেশন অ্যাক্ট-এর অধীনে বাধ্যতামূলকভাবে রেজিস্টার করতে হয়, এমন একজন যৌন অপরাধী ডিস্ট্রিক্টে বসবাসের জন্য স্থানান্তরিত হয়েছে।

## IV. একটি বিজ্ঞপ্তি পাওয়ার পর প্রিন্সিপ্যালকে যেসব পদক্ষেপ গ্রহণ করতে হবে

A. এসব বিজ্ঞপ্তির অন্তর্ভুক্ত সকল বিষয়বস্তু জমা রাখার জন্য প্রিন্সিপ্যাল বা তার স্থলাভিষিক্ত ব্যক্তিকে একটি দাপ্তরিক ফাইল তৈরি করতে হবে। এই ফাইল এমনভাবে এবং এমন স্থানে সংরক্ষণ করতে হবে যেন সেটা কর্মচারী ও পিতামাতাদের জন্য সহজলভ্য হয়।

[1] রেজিস্টার্ড যৌন অপরাধীর বাড়ির পূর্ণ ঠিকানা দেওয়া হবে না।

B. যদি প্রিন্সিপ্যাল সরাসরি NYPD বা অন্য কোন সূত্র থেকে বিজ্ঞপ্তি পান, তাহলে প্রিন্সিপ্যালকে তা অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এর বরো সেফটি ডিরেক্টরকে জানাতে হবে এবং অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এর বরো সেফটি ডিরেক্টরকে একটি কপি দিতে হবে।

C. প্রিন্সিপ্যালকে স্কুল সেফটি সুপারভাইজার, প্যারেন্ট কোঅর্ডিনেটর ও কাস্টোডিয়ানসহ যথাযথ স্কুল কর্মচারীকে এ বিজ্ঞপ্তি পাওয়ার কথা জানাতে হবে, এবং স্টাফদেরকে জানাতে হবে যে, তারা যেন বিজ্ঞপ্তির অন্তর্ভুক্ত তথ্যের সাথে নিজেদের পরিচিত করে নেন, যার মধ্যে আছে রেজিস্টার্ড যৌন অপরাধীর ফটোগ্রাফ, যদি তা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত থাকে। বিজ্ঞপ্তিসমূহের কপি অবশ্যই ন্যূনতম হলেও স্কুল সেফটি সুপারভাইজার, প্যারেন্ট কোঅর্ডিনেটর, বাইরের কর্মকাণ্ডসমূহ (যেমন, বিরতি বা শরীরচর্চা শিক্ষা) যারা তদারকি করেন, তাদেরকে এবং কাস্টোডিয়ানকে দেন।[2]

D. প্রিন্সিপ্যালকে স্টাফদের জানিয়ে দিতে হবে যে, যদি তারা কোনো যৌন অপরাধীকে দেখেন যে সন্দেহজনক আচরণে লিপ্ত বলে মনে হচ্ছে, সেটা তাদের অবিলম্বে প্রিন্সিপ্যালকে জানাতে হবে, তিনি 911-এ ফোন করবেন, কিংবা জরুরি পরিস্থিতিতে স্টাফদেরকে সরাসরি 911-এ ফোন করতে হবে এবং তারপর প্রিন্সিপ্যালকে জানাতে হবে।

E. প্রিন্সিপ্যাল তার স্কুলের আওতাভুক্ত সকল ডিস্ট্রিক্ট 75 সিটিওয়াইড প্রোগ্রাম এবং/অথবা ডিস্ট্রিক্ট 79 অল্টারনেটিভ অ্যাকাডেমিক অ্যান্ড প্রোগ্রামের প্রোগ্রাম ডিরেক্টর বা সাইট সুপারভাইজারকে সতর্ক করে দেবেন এবং প্রোগ্রাম ডিরেক্টর/সাইট সুপারভাইজারদের বিজ্ঞপ্তির বিষয়বস্তু জানিয়ে দেবেন।

F. যে জিপ কোডে যৌন অপরাধী বাস করে, সে একই জিপ কোডের অধীনস্থ স্কুলগুলোর প্রিন্সিপ্যালদেরকে বিজ্ঞপ্তি পাওয়ার দুই সপ্তাহের মধ্যে সকল পিতামাতাদের কাছে যৌন অপরাধীর ছবিসহ একটি করে বিজ্ঞপ্তির কপি, দিতে হবে।

   পিতামাতাদেরকে জানাতে একটি নমুনা চিঠি, প্রবিধানের সংযুক্তি নং 2, ব্যবহার করা যেতে পারে। এই নমুনা চিঠি, সাথে এই চিঠির অনুদিত সংস্করণগুলো পাওয়া যাবে উল্লিখিত ওয়েবপেজ-এ: https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations

G. প্রিন্সিপ্যাল/প্রোগ্রাম ডিরেক্টর কোন বিজ্ঞপ্তি পেলে বিজ্ঞপ্তিটি পাওয়ার দুই সপ্তাহের মধ্যে প্রিন্সিপ্যালকে তা প্যারেন্ট অ্যাসোসিয়েশনের কার্যকর বোর্ডের প্রেসিডেন্ট বা ভারপ্রাপ্ত ব্যক্তিকে সে বিজ্ঞপ্তি দিতে হবে।

H. যেসব গ্রুপ নিয়মিত স্কুলটি ব্যবহার করেন এবং যাদের ছেলেমেয়ে স্কুল ছুটির পরে ও সপ্তাহান্তে (উইকএন্ড) স্কুল ব্যবহার করে, প্রিন্সিপ্যাল/প্রোগ্রাম ডিরেক্টর তাদেরকে বিজ্ঞপ্তি পাওয়ার কথা জানাতে পারেন।

[2] যতক্ষণ এসব কর্মকর্তাগণ আস্থাভাজন হিসেবে কাজ করেন এবং তাদের কাজে সার্বিকভাবে অবহেলা না করেন, ততক্ষণ পর্যন্ত সকল কর্মকর্তাদেরকে এধরনের বিষয়বস্তু জানানোর নাগরিক দায়বদ্ধতা থেকে রেহাই দেওয়া হয়।

I. প্রিন্সিপ্যালগণ যদি অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এর বরো সেফটি ডিরেক্টর ছাড়া অন্য কোন সূত্র থেকে যৌন অপরাধীর উপস্থিতি সম্পর্কে তথ্য পেয়ে থাকেন, তাহলে তাদেরকে অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এর বরো সেফটি ডিরেক্টরকে জানাবেন যাতে বিজ্ঞপ্তিটি বিতরণের জন্য দেওয়া হয়েছ কি না, সেটা নিশ্চিত হতে এবং পরবর্তী পদক্ষেপ সম্পর্কে নির্দেশনা পেতে পারেন।

## V. সুপারিশ ও সীমাবদ্ধতা সম্পর্কে বাড়তি প্রক্রিয়া

A. প্যারেন্ট কোঅরডিনেটরদেরকে অবশ্যই তাদের কপি এমনভাবে রাখতে হবে যাতে সহজে পিতামাতাগণ দেখতে পারেন।

B. এ ধরনের বিজ্ঞপ্তি পাওয়ার পর প্যারেন্টস্ অ্যাসোসিয়েশন এবং অন্যান্যদের মাঝে প্রচারের উদ্যোগ নিতে হবে যাতে এধরনের বিজ্ঞপ্তির ফলে যে উদ্বেগ দেখা দেয়, সেটা প্রশমন করা যায়। শিক্ষাগত নেতৃত্ব ও পিতামাতাদেরকে বিজ্ঞপ্তি প্রাপ্তির কথা জানাতে হবে শুধু সতর্ক করে দেওয়ার জন্য নয়, বরং নির্যাতনের আশঙ্কার বিরুদ্ধে তাদেরকে তালিকাভুক্ত রাখার প্রচেষ্টা হিসেবে।

## VI. অনুসন্ধান

A. এই প্রবিধান সম্পর্কে আইনগত প্রশ্ন পাঠাতে হবে অফিস অভ লিগ্যাল সার্ভেসেস-এর অ্যাটর্নি অন কল-এর কাছে, যাকে পাওয়া যাবে 212-374-6888 নম্বর।

B. এ প্রবিধান সম্পর্কে অন্যান্য প্রশ্ন নিচের ঠিকানায় পাঠাতে হবে:
Office of Safety and Youth Development

N.Y.C. Department of Education

52 Chambers Street - Room 218

New York, NY 10007

Telephone: 212-374-4368

Fax: 212-374-0842

## নমুনা চিঠি

প্রিয় P.S./I.S./J.H.S./H.S. ______________ কমিউনিটির পিতামাতা এবং সদস্যবৃন্দ:

আমাদের স্কুল কমিউনিটিতে স্বাগতম। এই বিজ্ঞপ্তিটি আপনার সন্তান স্কুলে যাওয়া-আসা সহ, যখন অন্যান্য বাহিরের কার্যক্রমে সম্পৃক্ত হবে তখন আপনার সন্তানকে নিরাপদ রাখার জন্য পদক্ষেপগুলো নেয়ার গুরুত্ব স্মরণ করিয়ে দিচ্ছে। নিচে কিছু নিরাপত্তার সুপরামর্শ দেয়া হলো যেগুলো আমরা আশা করি আপনারা আপনাদের সন্তানদের সাথে শেয়ার করবেন:

- শিক্ষার্থীদের কখনোই অপরিচিত মানুষের সাথে বাড়িতে যাওয়া উচিত নয়।
- শিক্ষার্থীদের কখনোই অপরিচিত মানুষের সাথে কথা বলা উচিত নয়।
- শিক্ষার্থীরা অপরিচিত মানুষের কাছে থেকে কিছু গ্রহণ করবে না।
- অচেনা কোনো লোক যদি শিক্ষার্থীর সাথে কথা বলতে চায় এবং স্কুলের কাছাকাছি ঘোরাঘুরি করে, তাহলে তাদেরকে স্কুলে ফিরে আসতে এবং তাৎক্ষণিকভাবে বিষয়টি কোনো স্টাফ সদস্যকে জানাতে উৎসাহিত করা উচিত।
- অল্পবয়সী শিক্ষার্থীদের কারো সাথে স্কুলে যাওয়া আসা করতে হবে।
- অপেক্ষাকৃত বেশি বয়সের ছেলেমেয়েদের যখন সম্ভব দলবেঁধে হেঁটে/বাসে চলাফেরা করতে উৎসাহ দেয়া উচিত।

আমাদের স্কুলের শিক্ষকগণও শিক্ষার্থীদের অপরিচিত ব্যক্তিদের সাথে কথা না বলতে এবং কোনো অপরিচিত ব্যক্তি এগিয়ে আসলে, দায়ীত্বপ্রাপ্ত প্রাপ্তবয়স্কদের অবহিত করা সহ, কী কী করতে হবে তা স্মরণ করিয়ে দেবেন।

অতিরিক্তভাবে, শিক্ষা বছর জুড়ে, নিউ ইয়র্ক স্টেট সেক্স অফেন্ডার রেজিস্ট্রেশন অ্যাক্ট অনুযায়ী নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট থেকে আমরা বিজ্ঞপ্তি পেতে পারি যে কোনো রেজিস্টার্ড যৌন অপরাধী (সেক্স অফেন্ডার) আমাদের স্কুল যে এলাকায় অবস্থিত সেই এলাকায় বসবাস করতে স্থানান্তরিত হয়েছে। আমরা যেসকল বিজ্ঞপ্তি পেয়ে থাকি সেগুলোর কপি পিতামাতাদের জন্য প্যারেন্ট কোঅর্ডিনেটরের অফিসে পাশাপাশি _______________ অফিসে সহজলভ্য থাকবে। এছাড়াও আপনি রেজিস্টার্ড সেক্স অফেন্ডারদের সম্পর্কে তথ্য NYS ডিভিশন অভ ক্রিমিন্যাল জাস্টিসের ওয়েবসাইটে http://www.criminaljustice.ny.gov/SomsSUBDirectory/search_index.jsp ঠিকানায় অবস্থিত অথবা 1-800-262-3257 নম্বরে ফোন করে পেতে পারেন, অথবা NYPD, One Police Plaza, Room 110 C, New York, New York দ্বারা সংরক্ষিত তৃতীয় স্তরের (লেভেল থ্রি) (উচ্চ ঝুঁকি সম্পন্ন) রেজিস্টার্ড সেক্স অফেন্ডারদের উপ-তালিকা পেতে পারেন। ওয়েবসাইটটিতে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ওয়েবসাইটের মাধ্যমেও যাওয়া যেতে পারে, www.nycenet.edu, অফিস অভ স্কুল ইন্টার্ভেনশন অ্যান্ড ডেভেলাপমেন্ট-এর হোম পেইজের মাধ্যমে। অবশেষে, আমাদের স্কুল এবং যৌন অপরাধী (সেক্স অফেন্ডার) একই জিপ কোডে অবস্থিত হয়, তবে আমাদের স্কুলের শিক্ষার্থীদের সকল পিতামাতাদের বিজ্ঞপ্তির কপি পাঠাবো।

এই প্রক্রিয়াগুলো এই স্কুলে সকল শিক্ষার্থীদের একটি নিরাপদ পরিবেশ প্রদান করার আমাদের অব্যাহত প্রচেষ্টার অংশ।

বিনীত,

প্রিন্সিপ্যাল/প্রোগ্রাম ডিরেক্টর

**নমুনা চিঠি**

প্রিয় P.S./I.S./J.H.S./H.S. ______________ কমিউনিটির পিতামাতা এবং সদস্যবৃন্দ:

আমাদের স্কুল নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের কাছে থেকে একটি বিজ্ঞপ্তি পেয়েছে যে একজন "রেজিস্টার্ড সেক্স অফেন্ডার (যৌন অপরাধী)" ________ জিপ কোডে বসবাস করতে এসেছে। এই বিজ্ঞপ্তির উদ্দেশ্য হচ্ছে নাজুক জনগোষ্ঠি রয়েছে এমন কোনো প্রতিষ্ঠানকে এমন কোনো ব্যক্তি সম্পর্কে অবহিত করা, যে সম্ভাব্য বিপদজ্জনক হতে পারে। এই স্কুলের প্রিন্সিপ্যাল হিসেবে, আমি এই তথ্য যথাযথ স্কুল স্টাফকে অবহিত করেছি এবং আপনাকে অবহিত করার জন্য এই চিঠি প্রেরণ করছি।

আমাদের স্কুল এই রেজিস্টার্ড সেক্স অফেন্ডার (যৌন অপরাধী) সম্পর্কে তথ্য _______________ অফিসে ফাইল করার পাশাপাশি প্যারেন্ট কোঅর্ডিনেটরের অফিসে সংরক্ষণ করবো। এছাড়াও রেজিস্টার্ড সেক্স অফেন্ডারদের সম্পর্কে তথ্য NYS ডিভিশন অভ ক্রিমিন্যাল জাস্টিসের ওয়েবসাইটে http://www.criminaljustice.ny.gov/SomsSUBDirectory/search_index.jsp ঠিকানায় পাওয়া যাবে অথবা 1-800-262-3257 নম্বরে ফোন করে পেতে পারেন, অথবা NYPD, One Police Plaza, Room 110 C, New York, New York দ্বারা সংরক্ষিত তৃতীয় স্তরের (লেভেল থ্রি) (উচ্চ ঝুঁকি সম্পন্ন) রেজিস্টার্ড সেক্স অফেন্ডারদের উপ-তালিকা পাওয়া যাবে। ওয়েবসাইটটিতে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ওয়েবসাইটের মাধ্যমেও যাওয়া যেতে পারে, www.nycenet.edu, অফিস অভ স্কুল ইন্টার্ভেনশন অ্যান্ড ডেভেলাপমেন্ট-এর হোম পেইজের মাধ্যমে।

আপনি এতে সংযুক্ত পাবেন এই রেজিস্টার্ড সেক্স অফেন্ডারের (যৌন অপরাধী) ফটোগ্রাফের একটি কপি। স্কুলের নিরাপত্তা প্রক্রিয়া কঠোরভাবে পালন করা হবে, এতে রয়েছে দর্শনার্থী নিয়ন্ত্রণ প্রক্রিয়াসমূহ।

আমাদের স্কুলের শিক্ষকগণও শিক্ষার্থীদের অপরিচিত ব্যক্তিদের সাথে কথা না বলতে এবং কোনো অপরিচিত ব্যক্তি এগিয়ে আসলে, দায়ীত্বপ্রাপ্ত প্রাপ্তবয়স্কদের অবহিত করা সহ, কী কী করতে হবে তা স্মরণ করিয়ে দেবেন। আমি আপনাদের অনুরোধ করছি যে আপনারা প্রত্যকে বাড়িতে ছেলেমেয়েদের সাথে এই সমস্যাগুলো নিয়ে আলোচনা করুন। ছেলেমেয়েদের সন্ত্রস্ত করা আমাদের উদ্দেশ্য নয়, বরং তাদের মাঝে সেসব দক্ষতা গড়ে তুলতে সহায়তা করা যা তাদের অপরিচিতদের সাথে কথা বলা বা কোথাও যাওয়ার সম্ভাব্য বিপদ থেকে নিজেদের আরো ভালভাবে রক্ষা করতে পারে।

এই প্রক্রিয়াগুলো এই স্কুলে সকল শিক্ষার্থীদের একটি নিরাপদ পরিবেশ প্রদান করার আমাদের অব্যাহত প্রচেষ্টার অংশ।

বিনীত,

প্রিন্সিপ্যাল/প্রোগ্রাম ডিরেক্টর

Enc.